



অধ্যক্ষের কার্যালয়
নিউ গভঃ ডিগ্রী কলেজ, রাজশাহী
www.ngdc.ac.bd
e-mail: ngdcrajbd@yahoo.com
ফোন: ০২৫৮৮৮৫০৬৩০

নম্বর : ৩২

তারিখ : ২৪ মাঘ, ১৪২৯ বঙ্গাব্দ
০৭ ফেব্রুয়ারি, ২০২৩ খ্রিষ্টাব্দ

বিজ্ঞপ্তি


২০২২-২০২৩ শিক্ষাবর্ষের একাদশ শ্রেণিতে ভর্তিকৃত শিক্ষার্থী ও সংশ্লিষ্ট সকলকে জানানো যাচ্ছে যে, সমন্বিত উপবৃত্তি কর্মসূচির আওতায় উপবৃত্তি প্রাপ্তির আবেদন ফরম (কলেজ ওয়েবসাইট-www.ngdc.ac.bd এ পাওয়া যাবে) পূরণপূর্বক নিম্নবর্ণিত কাগজপত্রাদি ২০/০২/২০২৩ খ্রি. তারিখের মধ্যে কলেজের অফিস কক্ষে জমা দেয়ার জন্য বলা হলো।

প্রয়োজনীয় কাগজপত্র:


- ১। শিক্ষার্থীর জন্মনিবন্ধন সনদের ফটোকপি (১৭ সংখ্যার জন্মনিবন্ধন);
- ২। পিতা ও মাতার জাতীয় পরিচয়পত্রের ফটোকপি (১০ অথবা ১৭ সংখ্যার);
- ৩। পিতা/মাতার অনুপস্থিতিতে অভিভাবকের জাতীয় পরিচয়পত্রের ফটোকপি (১০ অথবা ১৭ সংখ্যার);
- ৪। এসএসসি পরীক্ষার রেজিস্ট্রেশন কার্ড ও ফলাফলের ফটোকপি;
- ৫। শিক্ষার্থীর অভিভাবকের (পিতা/মাতা/অন্যান্য) জাতীয় পরিচয়পত্র ব্যবহার করে খোলা সচল/বৈধ মোবাইল ব্যাংকিং হিসাব (১১ অথবা ১২ ডিজিট) অথবা তফসীলভুক্ত ব্যাংক হিসাব নম্বর (১৩ অথবা ১৭ ডিজিট) হিসাব খুলতে হবে। পরবর্তিতে ব্যাংক একাউন্ট নম্বর পরিবর্তন করা যাবে না;
- ৬। একই একাউন্ট নম্বর/মোবাইল নম্বর একাধিক শিক্ষার্থীর ক্ষেত্রে ব্যবহার করা যাবে না;
- ৭। শারীরিক প্রতিবন্ধী, তৃতীয় লিঙ্গ, প্রাক্তন ছিটমহলের বাসিন্দা এবং মুক্তিযোদ্ধার প্রজন্ম প্রমাণের জন্য যথাযথ কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত সনদ/প্রত্যায়ন পত্রের সত্যায়িত কপি জমা দিতে হবে;

উল্লেখ্য যে, শিক্ষার্থী অন্য কোন সরকারি উৎস থেকে উপবৃত্তি/বৃত্তি/অভিভাবক কর্তৃক শিক্ষাসহায়ক ভাতা গ্রহণ করলে উপবৃত্তির জন্য যোগ্য বলে বিবেচিত হবে না। শিক্ষার্থীর অভিভাবক হবেন পিতা অথবা মাতা। কেবল পিতা মাতার অনুপস্থিতিতে অন্য কোন ব্যক্তিকে (ভাই/বোন/দাদা/দাদী/নান/নানী ইত্যাদি) অভিভাবক হিসেবে নির্বাচন করা যাবে।

প্রতিস্বাক্ষর


অধ্যক্ষ

নিউ গভঃ ডিগ্রী কলেজ, রাজশাহী


০৭/০২/২০২৩

আহ্বায়ক

উপবৃত্তি কমিটি ২০২৩

নিউ গভঃ ডিগ্রী কলেজ, রাজশাহী